

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের অফিস
কর অঞ্চল-১, চট্টগ্রাম।

নথি নং : ১ই-১০৫/২০১৫-১৬/

তারিখঃ ২৩.১২.২০১৫ খ্রিঃ।

সভার কার্য বিবরণী

জাতীয় রাজস্ব বোর্ডের সাথে কর অঞ্চল-১, চট্টগ্রামের স্বাক্ষরিত Annual Performance Agreement (APA) এর নির্দেশনা অনুযায়ী অদ্য ২৩.১২.২০১৫ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় সম্মেলন কক্ষ 'সাম্পান'-এ অত্র কর অঞ্চলের শুদ্ধাচার সংক্রান্ত এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর কমিশনার এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালায় নৈতিকতা কমিটির সকল সদস্য সহ পরিদর্শী কর্মকর্তা ও সকল কর নির্ধারণী কর্মকর্তা অংশগ্রহণ করেন।

সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোকপাত করা হয় :

- ১। করদাতাদের সর্বোচ্চ সেবা প্রদান ;
- ২। তাঁদের প্রতি সকল স্তরের কর্মকর্তা / কর্মচারীর সদ্যবহার নিশ্চিত করা ;
- ৩। নিজের প্রতি নিজের জবাবদিহিতা নিশ্চিত করা (আত্ম জবাবদিহিতা) ;
- ৪। সকল দাপ্তরিক দায়িত্ব আন্তরিকতা, নিষ্ঠা ও সং উদ্দেশ্যে পরিপালন ;
- ৫। অনুরাগ ও বিরাগ থেকে বিরত থাকবেন ;
- ৬। নিত্য পরিশীলনের চর্চা করা।

কমিটির সভাপতি সকল কর্মকর্তাকে উপর্যুক্ত বিষয়গুলো চর্চা করার পরামর্শ প্রদান করেন। তিনি একই সাথে প্রতিটি কর অফিসে করদাতাদের সর্বোচ্চ 'বান্ধব' পরিবেশ সৃষ্টির উপর গুরুত্বারোপ করেন।

উপস্থিত সকল কর্মকর্তা এসব বিষয়গুলো যথাযথ পরিপালনের ব্যাপারে সভাপতি মহোদয়কে আশ্বাস দেন।

সবশেষে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(অপূর্ব কান্তি দাস)

কর কমিশনার

কর অঞ্চল-১, চট্টগ্রাম।

ফোনঃ ০৩১-৭১৫১৯০

নথি নং : ১ই-১০৫/২০১৫-১৬/

তারিখঃ ২৩.১২.২০১৫ খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।

(অপূর্ব কান্তি দাস)

কর কমিশনার

কর অঞ্চল-১, চট্টগ্রাম।

ফোনঃ ০৩১-৭১৫১৯০